DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 03:58 PM

আন্তর্জাতিক

# ভারতের বিহারে মন্দিরে পদদলিত হয়ে ৭ জনের মৃত্যু

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: সংগৃহীত

ভারতের বিহারের লাখিসারাইয়ে অশোক ধাম মন্দিরে বিদ্যুতের খুঁটি পড়ে পদদলিতের মতো পরিস্থিতি তৈরি হয়েছে। এতে অন্তত সাতজন নিহত এবং আরও এক ডজনের বেশি মানুষ আহত হয়েছেন বলে কর্মকর্তারা জানিয়েছেন।

সোমবার (১৭ আগস্ট) দেশটির সংবাদ সংস্থা এএনআই পুলিশের বরাতে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

পুলিশের জ্যেষ্ঠ কর্মকর্তা শিবম কুমার বলেন, মন্দিরে একটি বিদ্যুতের খুঁটি পড়ে যায়। এতে কয়েকজন বিদ্যুৎস্পৃষ্ট হলে সেখানে হুড়োহুড়ি ও পদদলিতের মতো পরিস্থিতি তৈরি হয়। তবে ঘটনার সঠিক কারণ সবকিছু যাচাই করার পরই নিশ্চিত হওয়া যাবে বলে জানান তিনি।

হিন্দুদের পবিত্র শ্রাবণ মাস উপলক্ষে শিবের মাথায় পানি ঢালতে মন্দিরে বিপুলসংখ্যক ভক্তের ভিড়ের মধ্যেই এ ঘটনা ঘটে বলে জানিয়েছে

প্রেস ট্রাস্ট অব ইন্ডিয়া (পিটিআই)।

কর্মকর্তা শৈলেন্দ্র কুমার জানান, আহতদের চিকিৎসার জন্য হাসপাতালে নেওয়া হয়েছে। এএনআইয়ের প্রকাশিত ভিডিওতে হাসপাতালে আহতদের স্বজনদের ভিড় এবং উদ্ধারকারীদের আহতদের নিয়ে আসতে দেখা গেছে।

বিহারের মুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে ঘটনাটিকে অত্যন্ত মর্মান্তিক বলে উল্লেখ করেছেন। নিহতদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়ে তিনি আহতদের দ্রুত ও যথাযথ চিকিৎসা নিশ্চিত করতে প্রশাসনকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়ার কথা জানিয়েছেন।

ভারতে বড় জনসমাগমে দুর্ঘটনার নজির রয়েছে। গত বছর দেশটির বিশাল মহাকুম্ভ মেলায় পবিত্র পানিতে গোসলের  জন্য কোটি কোটি মানুষ জড়ো হলে পদদলিত হয়ে ৩০ জনের মৃত্যু হয়েছিল।

তথ্যসূত্র: আল জাজিরা

---

## এ বিভাগের আরও খবর



**রাশিয়া-ইউক্রেন যুদ্ধে এ পর্যন্ত ৫ লাখ রাশিয়ার নাগরিক নিহত হয়েছে: যুক্তরাজ্যের সেনাপ্রধান**
রাশিয়া-ইউক্রেন যুদ্ধের শুরু থেকে এ পর্যন্ত প্রায় সাড়ে চার বছরে রুশ শিবিরে নিহত হয়েছেন প্রায় ৫ লাখ মানুষ। এই নিহতদের মধ্যে সামরিক ও বেসামরিক...



**মধ্যপ্রাচ্যে উত্তেজনায় তেলের দাম ছাড়াল ১০৭ ডলার**
মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার প্রভাবে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম আবারও বেড়েছে। সোমবার আন্তর্জাতিক মানদণ্ড ব্রেন্ট ক্রুডের দাম ব্য...



**মধ্যপ্রাচ্যে আগ্রাসন ও একতরফা শুল্ক আরোপে নিন্দা ব্রিকসের নেতাদের**

জাতিসংঘ নিরাপত্তা পরিষদের (ইউএনএসসি) কাঠামোগত পরিবর্তন-সহ বহুপক্ষীয় সংস্থাগুলোর সংস্কারের জোর দাবি জানিয়েছেন ব্রিকসের শীর্ষ নেতারা। পাশাপা...



**২৪০ যাত্রী নিয়ে জাভা সাগরে নিখোঁজ জাহাজ**

ইন্দোনেশিয়ার পূর্ব জাভা থেকে বোর্নিও দ্বীপের দক্ষিণ কালিমন্তানের পথে ২৪০ যাত্রী নিয়ে একটি যাত্রীবাহী জাহাজের যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে। রবিবার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/bharter-bihare-mndire-pddlit-hye-7-jner-mritju